

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৬.২০-৮২

তারিখঃ ০৮/০৭/২০২০ খ্রিঃ

বিষয়ঃ স্থানীয় দরপত্র (National Competitive Tender, NCT) এ বিদেশী (Foreign)/অনিবাসী (Non-Resident) দরদাতাগণের অংশগ্রহণ বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ-৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩(অংশ-২).২০১০-৫৯২; তারিখঃ ২১ জুন ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে দফাওয়ারী সিপিটিইউ'র মতামত নীচে দেয়া হলোঃ

০১। স্থানীয় দরপত্রে অংশগ্রহণের জন্য বিদেশী দরদাতাগণ (একক এবং যৌথ উদ্যোগ) এর ক্ষেত্রে বাংলাদেশী প্রতিষ্ঠানে নিবন্ধনের আবশ্যিকতার বিষয়ঃ ব্যক্তির যোগ্যতার সমর্থনে আবশ্যিকীয় দলিল বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৪৯(১)(ক)(অ)'তে ট্রেড লাইসেন্স এবং বিধি-৪৯(১)(ঘ)-এ কর পরিশোধের বিষয়ে বিধান নিম্নরূপঃ

“বিধি-৪৯(১)(ক)(অ) “(ক) পেশাগত ও কারিগরি সক্ষমতার ক্ষেত্রে-

(অ) বাংলাদেশ বা দরপত্রদাতা বা আবেদনকারী যে দেশের নাগরিক সেই দেশের সংশ্লিষ্ট পেশাগত বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিবন্ধিত হওয়ার কাগজপত্র, অথবা যোগ্যতার সমর্থনে শপথপূর্বক ঘোষণাপত্র, বা দরপত্র বা আবেদনকারীর মূল দেশের বা বাংলাদেশের প্রচলিত আইনের শর্ত মোতাবেক কোন পেশাগত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র।”

“৪৯(১)(ঘ) কর পরিশোধ করার বিষয়টি প্রমাণের ক্ষেত্রে ক্রয়কারী উক্ত বিষয়ে বাংলাদেশে কোন উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র এবং দরপত্রদাতা বিদেশী নাগরিক হইলে তিনি যে দেশের নাগরিক সেই দেশের উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র এবং উক্ত সনদপত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে-

(অ) কর নিবন্ধন নম্বর বা করদাতার পরিচিতি নম্বর (tax payer's identification number); এবং
(আ) মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর”

ফলে দরদাতাকে যে দেশের নাগরিক সে দেশের ট্রেড লাইসেন্স এবং কর নিবন্ধনের দলিল দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

যৌথ উদ্যোগে দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি-৫৪(৩) ও ৫৪(৪) এর নির্দেশনা অনুযায়ী JV Agreement সম্পাদন করতে হবে। এ ছাড়া, দরপত্র মূল্যায়ন কমিটি বিদেশী দরদাতা প্রস্তাবিত জনবল, যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ-সুবিধার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত করবে। উল্লেখ্য যে, VAT এবং Tax সংক্রান্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর বিধি-বিধান প্রযোজ্য হবে।


০২। দেশীয় মুদ্রায় বিল প্রদানের পর তা বিদেশী মুদ্রায় স্থানান্তরঃ বিষয়টি বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিধায় এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হবে।

০৩। Arbitration প্রক্রিয়া পদ্ধতিঃ আদর্শ দরপত্র দলিলের (PW3) General Conditions of Contract (GCC) Clause No-92.3 এ Arbitration বিষয়ে উল্লেখ রয়েছে। যেহেতু অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে এখানে Arbitration Act of Bangladesh অনুসারে Arbitration পরিচালনা করার নির্দেশনা রয়েছে সেহেতু Arbitration Place স্বাভাবিকভাবে বাংলাদেশ হবে।

(W)

০৪। স্থানীয় অগ্রাধিকারঃ পিপিএ, ২০০৬ এর ধারা-৩৩ এবং পিপিআর, ২০০৮ এর বিধি-৮৩ (২) ও (৩) এ শুধুমাত্র আন্তর্জাতিকভাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে স্থানীয় অগ্রাধিকার প্রযোজ্য। অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে স্থানীয় অগ্রাধিকার প্রদান এর নির্দেশনা আইন ও বিধিমালায় নেই।

০৫। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।।


6/9/2020
(মোসামঃ মৌসুমী হাবিব)
উপপরিচালক
ফোন- ৯১৪৪২৫২-৩/২০৩

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
সদর দপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা-১২০৭।
৩. অফিস কপি।